



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/19/2023

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর হোকল শুক্রবার, 19 জুনের বায়ু মানের বিষয়ে ওয়েস্টার্ন ও সেন্ট্রাল নিউ ইয়র্কবাসীকে হালনাগাদ করেছেন

গভর্নর হোকল এবং পরিবেশ সংরক্ষণ ও স্বাস্থ্য বিভাগ (Departments of Environmental Conservation and Health) কানাডার দাবানল, পাশাপাশি ওজোন ও অন্যান্য দূষণকারীদের প্রভাবের জন্য বাতাসের গুণমানকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে চলেছে, যা আজ ওয়েস্টার্ন ও সেন্ট্রাল নিউ ইয়র্ককে হালকাভাবে প্রভাবিত করেছে। নিউ ইয়র্ক স্টেটের অবশিষ্ট অংশে বাতাসের গুণমান ভালো থেকে মাঝারি পরিসরে থাকবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে।

"আমরা বায়ুর গুণমান পর্যবেক্ষণ অব্যাহত রেখেছি এবং আমাদের সাহসী ফরেস্ট রেঞ্জাররা কুইবেক দাবানল দমন প্রচেষ্টায় সহায়তা করছে, কানাডার দাবানলের ধোঁয়া দৃশ্যমান থাকবে, যদিও এর প্রভাব স্থল স্তরে সীমিত হবে বলে আশা করা হচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "আজ যখন ওয়েস্টার্ন ও সেন্ট্রাল নিউ ইয়র্ক ব্যাপী ধোঁয়া ছড়িয়ে পড়ছে, আমি নিউ ইয়র্কবাসীদের সতর্ক থাকার আহ্বান জানাচ্ছি। আপনি যদি ঝুঁকিপূর্ণ গোষ্ঠীতে থাকেন তাহলে অনুগ্রহ করে সর্বশেষ তথ্য পর্যবেক্ষণ করুন এবং গ্রীষ্মকালে যদি এয়ার কোয়ালিটি অ্যাডভাইজরি জারি করা হয় তাহলে নিজে থেকে সুরক্ষিত রাখার জন্য পদক্ষেপ নিন।"

দাবানলের ধোঁয়া আজ, সোমবার, 19 জুন ওয়েস্টার্ন ও সেন্ট্রাল নিউ ইয়র্কের বাতাসে দৃশ্যমান হবে, এই অঞ্চলগুলোর জন্য সূক্ষ্ম কণা পদার্থ (PM2.5) দূষণের পূর্বাভাসের জন্য উচ্চ-মাঝারি এয়ার কোয়ালিটি ইনডেক্স (Air Quality Index, AQI) মাত্রা সহ। বর্তমানে পূর্বাভাসে দেখা গেছে যে অস্থায়ী স্পাইক থাকতে পারে যেখানে AQI স্তর মাঝারি পরিসীমা অতিক্রম করে, তবে 24 ঘণ্টা সময়ের জন্য সামগ্রিক AQI মাঝারি AQI স্তরে থাকবে বলে আশা করা হচ্ছে। যদিও উচ্চ উচ্চতায় ধোঁয়া দৃশ্যমান হতে পারে, তবে এই মাত্রা এই মাসের শুরুর দিকে নিউ ইয়র্কবাসীদের অভিজ্ঞতার চেয়ে অনেক নিচে রয়েছে এবং এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি জারি করার সীমার নিচে রয়েছে।

মাঝারি মাত্রা হলো যখন বায়ুর গুণমান সূচক 51-100 এর মধ্যে থাকে, যার অর্থ বায়ুর গুণমান গ্রহণযোগ্য, বায়ু দূষণের প্রতি অস্বাভাবিক সংবেদনশীল খুব অল্প সংখ্যক লোকের জন্য সম্ভাব্য মাঝারি স্বাস্থ্য উদ্বেগ রয়েছে। আবহাওয়াবিদরা যখন দূষণের মাত্রা, সাধারণত ওজোন এবং পার্টিকুলেট ম্যাটারের AQI মান 100-এর বেশি হওয়ার পূর্বাভাস দেন তখন বায়ুর গুণমান স্বাস্থ্য পরামর্শ জারি করা হয়।

যদি AQI 100 অতিক্রম করে তাহলে আমরা প্রয়োজন হিসাবে [এখানে](#) সতর্কতা পর্যালোচনা করার পরামর্শ দিই। নিউ ইয়র্কবাসীদেরকে [এখানে](#) সাবস্কাইব করে স্টেটের এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি পেতে সাইন আপ করতে আহ্বান জানানো যাচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের বায়ুর গুণমানের পূর্বাভাস সম্পর্কে আরো তথ্য [এখানে](#) পাওয়া যায়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)